গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় ক্রীড়া পরিষদ
ক্রীড়া শাখা
www.nsc.gov.bd

স্মারক নম্বর: ৩৪.০৩.০০০০.০০০.০০৬.০৫.০০২৪.২৬.৮৪৮

তারিখ: ২২ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ
০৬ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: কিশোরগঞ্জ জেলা ক্রীড়া সংস্থার এ্যাডহক কমিটি অনুমোদন

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় ক্রীড়া পরিষদ আইন, ২০১৮ এর ধারা: ২ (১৫)-এ উল্লিখিত স্থানীয় ক্রীড়া সংস্থার সংশ্লিষ্ট গঠনতন্ত্র মোতাবেক জাতীয় ক্রীড়া পরিষদের উপর অর্পিত ক্ষমতা অনুসরণে কিশোরগঞ্জ জেলা ক্রীড়া সংস্থার এ্যাডহক কমিটি জাতীয় ক্রীড়া পরিষদ আইন, ২০১৮ এর ধারা: ২ (৪) ও ৮-এ বর্ণিত পরিষদের মাননীয় চেয়ারম্যান কর্তৃক সদয় অনুমোদিত হয়েছে।

০২। অনুমোদিত এ্যাডহক কমিটি নির্দেশক্রমে অবহিত করা হলো:

ক্র: নং	নাম ও পদবী	অবস্থান
০১	জেলা প্রশাসক, কিশোরগঞ্জ	সভাপতি
০২	পুলিশ সুপার, কিশোরগঞ্জ	সদস্য
০৩	অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কিশোরগঞ্জ	সদস্য
০৪	উপপরিচালক, জেলা সমাজসেবা অফিস, কিশোরগঞ্জ	সদস্য
০৫	জেলা ক্রীড়া অফিসার, কিশোরগঞ্জ	সদস্য
০৬	জনাব মো: আতিকুর রহমান, স্থানীয় ক্রীড়াবিদ, মোবাইল-০১৭৮০২৯২৫২০	সদস্য
০৭	জনাব মোহাম্মদ ইসরাইল মিঞা, স্থানীয় ক্রীড়া সংগঠক/ক্রীড়াবিদ মোবাইল-০১৭১৪০৬৭৭৪৬	সদস্য-সচিব

০৩। অনুমোদিত এ্যাডহক কমিটি স্থানীয় ক্রীড়া সংস্থার গঠনতন্ত্র মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে গঠনতন্ত্রে উল্লিখিত পদ্ধতিতে নির্বাচন আয়োজনের ব্যবস্থা গ্রহণ করবেন।

০৬-০৭-২০২৬
মোঃ দৌলতুজ্জামান খাঁন, এনডিসি
নির্বাহী পরিচালক
ফোন : ০২৪১০৫০৫৫২
ইমেইল : executive.director@nsc.gov.bd

জেলা প্রশাসক
জেলা প্রশাসকের কার্যালয়, কিশোরগঞ্জ।

স্মারক নম্বর: ৩৪.০৩.০০০০.০০০.০০৬.০৫.০০২৪.২৬.৮৪৮/১ (৬)

তারিখ: ২২ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ
০৬ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃ. আ. অতিরিক্ত সচিব (ক্রীড়া-১)]।
২। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
৩। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫। চেয়ারম্যানের একান্ত সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা।
৬। অফিস কপি, সংশ্লিষ্ট নথি।

০৬-০৭-২০২৬
মোঃ দৌলতুজ্জামান খাঁন, এনডিসি
নির্বাহী পরিচালক